



# বাংলাদেশ ফুটবল ফেডারেশন BANGLADESH FOOTBALL FEDERATION



তারিখঃ ২৭-১১-২০২০

## সংবাদ বিজ্ঞপ্তি

বাংলাদেশ ফুটবল ফেডারেশনের উদ্যোগে শুরু হওয়া বিএফএফ এএফসি গ্রাসরুটস কোচিং কোর্স ২০২০ এর সমাপ্তি ও সার্টিফিকেট বিতরণী অনুষ্ঠান আগামীকাল শুক্রবার ২৭ই নভেম্বর ২০২০ তারিখে অনুষ্ঠিত হবে। বাফুফে ভবন এর কনফারেন্স রুম, সাভার ও দিনাজপুর এর বিকেএসপি এই তিনটি অঞ্চলে মোট ১১১ জন অংশগ্রহণকারী এ কোচিং কোর্সে অংশগ্রহণ করে। উক্ত কোর্সে সবাই কৃতিত্বের সঙ্গে পাশ করেছে।

গত ২৩ই নভেম্বর ২০২০ তারিখ হতে দিনাজপুর, সাভার বিকেএসপিতে সকল অংশগ্রহণকারী ও ইন্সট্রাক্টরদের আবাসিক সুবিধা প্রদান করত ও ২৪ই নভেম্বর ২০২০ তারিখ হতে বাফুফে ভবনে অনাবাসিকভাবে শুরু হয়েছে বিএফএফ এএফসি গ্রাসরুটস কোচিং কোর্স ২০২০। বাফুফের সাবেক সহ-সভাপতি বাদল রায়ের প্রয়াণে বিশেষ শ্রদ্ধা জ্ঞাপনার্থে বাফুফে ভবনে একদিন পর থেকে কোচিং কোর্সটি শুরু হয়। পাঁচদিনব্যাপী এ কোচিং কোর্সে দিনাজপুরে ৩৮ জন, সাভারে ৩৪ জন ও বাফুফে ভবনে ৩৯ জন এ কোচিং কোর্সে অংশগ্রহণ করে।

উক্ত কোর্সে দিনাজপুর জোনে ইন্সট্রাক্টর হিসেবে আছেন জনাব উজ্জ্বল চক্রবর্তী শিবু ও জনাব আবদুল কাইয়ুম সেন্টু। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন দিনাজপুর জেলা ফুটবল অ্যাসোসিয়েশনের সভাপতি জনাব ওয়াহিদুজ্জামান দুলাল, সহ-সভাপতি জনাব আবদুল সাভার। এছাড়াও উপস্থিত ছিলেন দিনাজপুর বিকেএসপির সহকারী পরিচালক আকিনুর রহমান ও বাফুফে কর্মকর্তা জনাব মাহবুব আলম পলো, হেড অব কোচ এডুকেশন। অপরদিকে, সাভার বিকেএসপির কোর্স ইন্সট্রাক্টর হিসেবে আছেন জনাব সোহেল রহমান ও মিস মিরোনা। এছাড়া বিশেষ অতিথি ছিলেন বিকেএসপির ফুটবল ইনচার্জ শাহীনুল হক ও বাফুফে কর্মকর্তা জনাব মোস্তফা আনোয়ার পারভেজ, হেড অব এলিট ইয়ুথ। আর ঢাকায় ইন্সট্রাক্টর হিসেবে আছেন জনাব সাঈদ হাসান কানন ও জনাব সুজিত কুমার ব্যানার্জি। এছাড়া বিশেষ অতিথি ছিলেন বাফুফে'র সহ-সভাপতি ও টেকনিক্যাল কমিটির চেয়ারম্যান জনাব মহিউদ্দিন আহমেদ মহি ও বাফুফে'র সাধারণ সম্পাদক জনাব মোঃ আবু নাইম সোহাগ।

আজ শুক্রবার ২৭ই নভেম্বর ২০২০ তারিখে দুপুর ১২টার সময় প্রতিটি জোনে কোর্স এর সমাপ্তি প্রোগ্রাম অনুষ্ঠিত হয় ও কোর্স এ উত্তীর্ণদের মাঝে সার্টিফিকেট প্রদান করা হয়। ঢাকার বাফুফে ভবনে উত্তীর্ণদের মাঝে সার্টিফিকেট প্রদান অনুষ্ঠানে উপস্থিত ছিলেন নবনির্বাচিত বাফুফে'র কার্যনির্বাহী কমিটির সদস্য জনাব মোঃ ইলিয়াস হোসেন আরো উপস্থিত ছিলেন বাংলাদেশ ফুটবল ফেডারেশনের সাধারণ সম্পাদক জনাব আবু নাইম সোহাগ। এই সবগুলো কোর্সের সার্বিক তত্ত্বাবধানে ছিলেন বাংলাদেশ ফুটবল ফেডারেশনের টেকনিক্যাল ডিরেক্টর Mr. Paul Thomas Smalley.

আগামী ১৮ই ডিসেম্বর ২০২০ তারিখে যথাক্রমে সিলেট ও খুলনা বিকেএসপিতে ও আবাসিক সুবিধা প্রদান করত বিএফএফ এএফসি গ্রাসরুটস কোচিং কোর্স ২০২০ এর পরবর্তী কোর্স শুরু করবে। পাঁচদিনব্যাপী ওই কোচিং কোর্স ২২ই ডিসেম্বর ২০২০ তারিখে সমাপ্ত হবে।

আহসান আহমেদ অমিত, হেড অব মিডিয়া, বাংলাদেশ ফুটবল ফেডারেশন।